

## পরিনাম

এম আর হাসান

গড়ের মাঠে নামিয়ে দিলে রামছাগনের সাথে  
 কাঙগালী ভোজে জুটল জাউ ভাত - এক মশক জল ;  
 উড়ে এল কিছু ভূষণির কাক, এঁটো না পেয়ে আমাকেই করল তাড়া  
 তুমি ছিলে ওদিকটায় --- কখন ভোজ সারি,  
 কখন আসি ফিরো।  
 হাত ধরলে আমার --- চুম্বন দিলে এঁকে  
 আলিঙ্গন করলেম --- বেঁচে থাকার পথ গেল খুলে।

ঐ দূরে একটা নদী দেখা গেল  
 আমরা ছুটে গেলাম ঠিক মোহনায়  
 পদ্ম ফুল ফুটে ছিল তখন, - ‘কী সুন্দর !  
 এই বলে পাঠালে আমায় তুলে আনতে;  
 গামছা বেঁধে নেমে পরলুম বাটফট  
 আমায় দেখে কতোগুলো ভেঁতো সাপ হাঁসফাঁস করে উঠলো  
 ইশারায় তাড়িয়ে দিলেম, যেন কিছুই নয় এসব  
 নাব্যতায় ভেসে আসা কতক হাঙ্গর ছিল সেখানে  
 ঢোক টপকে উঠে এলো ডাঙ্গায় ;  
 হঠাৎ ফিরে তাকালাম, চিৎকার করে বললেম, ‘ওরা কারা’?  
 তুমি বললে, ‘ওরা আমার বন্ধু’ !

শুনে নিশুপ রহিলেম খানিকখন; জলের উপর গড়িয়ে গেল  
 কয়েক ফোঁটা জল .....  
 হাতের মুঠোয় ধরা পদ্ম নিয়ে ভাসিয়ে দিলাম নিজেকে ।  
 তুমি আর জানলেনা কখন ডুরে গেলাম  
 রহিলে ব্যস্ত হাঙ্গরদের সাথে।